২।

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... AUG. 1 5. 1999 ..
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

## ব্রাহ্মণবাড়িয়ায় সরকারী মহিলা কলেজের বিভিন্ন সমস্যা

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ।। শিক্ষক সংকট, ছাত্রীবাস সমস্যা ও বিভিন্ন অনিয়মসহ নানাহ সমস্যায় ব্রাহ্মণবাড়িয়া সরকারী মহিলা কলেজ জর্জরিত। ফলে ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হইতেছে।

কলেজে ৬ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। ইহা ছাড়াও শূন্য

( ৫ম পৃঃ দ্রষ্টব্য )

## ব্রাহ্মণবাড়িয়া মহিলা কলেজ

( ৩য় পৃঃ পর )

রহিয়াছে পদার্থবিদ্যা ও জীববিদ্যা বিভাগের দুইটি প্রদর্শকের পদ। বিশেষ করিয়া ইংরেজী বিভাগের একজন প্রভাষিকা গত প্রায় দুই বছর ধরিয়া অনুমতি ছাড়াই অনুপস্থিত রহিয়াছে। বেসরকারী কলেজের একজন ইংরেজীর শিক্ষক দিয়া কাজ চালানো হইতেছে। ইহাতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। কলেজের ছাত্রীদের জন্য ৪ তলা বিশিষ্ট ছাত্রীনিবাস নির্মাণ হইলেও গ্যাস সংযোগসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন না হওয়ায় ছাত্রীরা ছাত্রীনিবাসে উঠিতে পারিতেছে না। ফলে ছাত্রীদেরকে কলেজের ভগ্নদশা হোষ্টেলে জীবনের ঝুঁকি নিয়া ও বিজ্ঞান ভবনের বিভিন্ন কক্ষে ঠাসাঠাসি করিয়া থাকিতে হইতেছে।